51

দৈনিক বাংলা

তারিখ ... 23 JAN 1996 ...
পৃষ্ঠা ৫ কলাম ... ৮ ...

## স্কুল-কলেজের নতুন নিয়োগবিধি বাতিল করা হোক

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের এক নোটিশে স্কুল-কলেজে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এক নতুন বিধি চালু করা হয়েছে। এই নিয়োগবিধি অনুযায়ী স্কুল কলেজে শিক্ষক পদে নিয়োগের জন্য একজন প্রার্থীকে তার প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে ২য় শ্রেণী বা বিভাগ থাকতে হবে। একটিতেও ৩য় বিভাগ থাকলে চলবে না। আমাদের প্রশ্ন হল, একজন মেধাবী ছাত্রও নানা কারণেই তো ৩য় বিভাগ পেতে পারে। আর ৩য় বিভাগ যদি এতই অবাঞ্ছিত বা অভিশপ্ত তবে শিক্ষা ব্যবস্থায় এ বিভাগ আদৌ আছে কেন? এটি তুলে দিলেই তো শিক্ষা কর্তৃপক্ষের সব সমস্যা চুকে যায়।

দেশে আজ বেকার সমস্যা অত্যন্ত প্রকট। এদিকে সরকারী চাকরির নিতান্ত অভাব। এ অবস্থায় স্কুল-কলেজের চাকরিই অধিকাংশ শিক্ষিত বেকারের ভরসা, কিন্তু সেই স্কুল-কলেজের চাকরিতেই যদি কেবল দ্বিতীয় বিভাগ ও শ্রেণীর শর্ত আরোপিত থাকে তাহলে দুর্ভাগ্যক্রমে যেসব ছাত্রছাত্রী কোন একটি পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণী পেয়েছে তারা যাবে কোথায়? তাদের জীবনে কি অনিশ্চয়তার অন্ধকার নেমে আসবে না? তাই বিষয়টি সরকারের শিক্ষা মন্ত্রণালয়কে সহানুভূতির সঙ্গে ভেবে দেখতে এবং নতুন বিষয় বিধিটি পুনর্বিবেচনা করে সকল পরীক্ষায় ২য় শ্রেণীর শর্ত তুলে নিয়ে হাজার হাজার উচ্চ শিক্ষিত বেকারকে স্কুল-কলেজের চাকরিতে দরখাস্ত করার সুযোগ দিতে অনুরোধ জানাই।

মোঃ রমজান আলী
নারায়ণ সাহা
কবির আহমদ
কুমারপাড়া, রাজশাহী।